দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ঢাবিতে ভর্তিযুদ্ধ কাল শুরু, প্রশ্ন বিক্রির গুজব

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

কলা অনুষদের অধীনে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে আগামীকাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৬৯টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে এ পরীক্ষা। এই ইউনিটে ২ হাজার ২৯৬টি আসনের জন্য পরীক্ষা দেবে ৩১ হাজার ১৬৩ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। এদিকে, এ পরীক্ষার প্রশ্ন বিক্রির গুজব ছড়িয়েছে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে। কয়েকদিন যাবত ফেসবুকের বিভিন্ন গ্রুপে ভর্তিচ্ছুদের কাছে এ প্রশ্ন বেচা-কেনার অফার দিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। তবে এখন পর্যন্ত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ প্রসঙ্গে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়ক ও কলা অনুষদের ডিন অধ্যাপক পৃষ্ঠা ১৯ কলাম ৩

## ঢাবিতে ভর্তিযুদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

ড. আখতারুজ্জামান বলেন, এ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সব ধরনের প্রস্তুতি নিয়েছি আমরা। পরীক্ষায় যেকোন ধরনের অনিয়ম কঠোর হস্তে দমন করা হবে। কেউ যদি অনিয়মের সাথে জড়িত থাকে তাহলে তাকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাথে সাথে সাজা দেয়া হবে।

জানা যায়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৬৯টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা। ক্যাম্পাসের বাইরে তিনটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে এই ইউনিটের পরীক্ষা। কেন্দ্রগুলো হল-বুয়েট স্কুল এন্ড কলেজ, পিলখানার বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ এবং কাকরাইলের উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজ। এদিকে, শনিবার অনুষ্ঠিত হবে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান)। সকাল ১০টা থেকে ১০টা ৪৫ মিনিট পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মোট ৬টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এই ইউনিটে ১৩৫টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ৭ হাজার ৩১৯ জন।

'খ' এবং 'চ' ইউনিটের পরীক্ষা দুটি সুষ্ঠুভাবে সম্পাদনে পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন, কিংবা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোন ইলেক্ট্রনিক্স ডিভাইস/যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ। ভর্তি পরীক্ষার সিট-প্ল্যান বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। এছাড়া, 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা ১৬ অক্টোবর, 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা (অংকন) ১৭ অক্টোবর, 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ৩০ অক্টোবর এবং 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা ৬ নভেম্বর অনুষ্ঠিত হবে।